

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
জাতীয় রাজস্ব বোর্ড
(কাস্টমস)
প্রজ্ঞাপন

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ/ ০৮ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং- ১৯৩-আইন/২০২৬/৪৮/কাস্টমস।- সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৬৩, ধারা ১০১ এর সহিত পঠিতব্য, এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫ এ প্রদত্ত ক্ষমতাবলে, পণ্য-যন্ত্রপাতি, যন্ত্রাংশ ও সরঞ্জাম ফেরতের ভিত্তিতে সাময়িক আমদানি বিধিমালা, ২০২৫ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত বিধিমালার তফসিল এর পরিবর্তে নিম্নবর্ণিত তফসিল প্রতিস্থাপিত হইবে, যথা-

“তফসিল

[বিধি ১ এ উপ-বিধি (২) এর দফা (খ) দ্রষ্টব্য]
(ভোগ্যপণ্যের তালিকা)

- ১। স্টিল শিট (steel sheet): American Standard Testing Method (ASTM) অনুযায়ী ছয় মিলিমিটার বা তৎনিম্ন A36 বা সমমানের MS প্লেট;
- ২। স্টিল রড;
- ৩। স্টিল পাইপ (dia ১.৫ ইঞ্চির নিম্নে);
- ৪। সকল ধরনের সিমেন্ট;
- ৫। বোল্ডার স্টোন (boulder stone);
- ৬। সকল প্রকার টাইলস;
- ৭। প্রি-ফেরিকেটেড বিল্ডিং;
- ৮। সকল প্রকার PHC/SPC/PC Pile এবং SPC Pole
- ৯। বৈদ্যুতিক লাইট-ফিটিংস;
- ১০। ট্রান্সমিশন টাওয়ার;
- ১১। ক্যাবল (Control Cable, Communication Cable and Optical Fiber Cable এবং 132 কেভি ও তদুর্ধ্ব পাওয়ার ক্যাবল ব্যতীত);
- ১২। সকল ধরনের বিতরণ ট্রান্সফরমার (distribution transformer);
- ১৩। সকল ধরনের রং (paint) ও বার্নিশ;

- ১৪। গৃহস্থালি সামগ্রী (household goods);
১৫। সকল ধরনের রাসায়নিক সামগ্রী (chemicals);
১৬। লুব্রিকেটিং অয়েল;
১৭। ট্রান্সফরমার অয়েল;
১৮। সকল ধরনের অফিস সরঞ্জামাদি ও আসবাবপত্র;
১৯। অনূর্ধ্ব ২,০০,০০০ বিটিইউ (BTU) সম্পন্ন air conditioner; এবং
২০। কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর প্রথম তফসিল এ বর্ণিত Heading 87.02 হইতে Heading 87.03 এর অন্তর্ভুক্ত সকল ধরনের যানবাহন।”।

২। এই প্রজ্ঞাপন ১১ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

মোঃ আবদুর রহমান খান এফসিএমএ
সচিব।